



শিক্ষাবর্ষ ২০২৪

বিষয়ভিত্তিক

মূল্যায়ন নির্দেশিকা

বিষয়: ডিজিটাল প্রযুক্তি | ৭ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক
শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন
মূল্যায়ন

একীভূত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সপ্তম শ্রেণির মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : ডিজিটাল প্রযুক্তি

শিক্ষাবর্ষ : ২০২৪

সূচিপত্র	3
ভূমিকা	4
ক) শিখনকালীন মূল্যায়ন	Error! Bookmark not defined.
খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন	Error! Bookmark not defined.
গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়	Error! Bookmark not defined.
ঘ) আচরণিক নির্দেশক	Error! Bookmark not defined.
ঙ) মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ	Error! Bookmark not defined.
চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা	Error! Bookmark not defined.
ছ) মূল্যায়নে অ্যাপ ব্যবহার	Error! Bookmark not defined.
পরিশিষ্ট ১	9
শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক(PI)	9
পরিশিষ্ট ২	15
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট	15
পরিশিষ্ট ৩	19
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক	19
পরিশিষ্ট ৪	21
ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট	21
পরিশিষ্ট ৫	26
আচরণিক সূচক (Behavioral Indicator, BI)	26

ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে ২০২৪ শিক্ষাবর্ষে শিখনকালীন মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনার জন্য এই নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও সরাসরি প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন সম্পর্কে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেওয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

মূল্যায়নের ক্ষেত্রে যে বিষয়গুলি মনে রাখতে হবে:

- ১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী শুধু বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।
- ২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন পরিচালনা করবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার সূচক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।
- ৩। নস্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।
- ৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলোকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনার বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।
- ৫। লক্ষ্য রাখতে হবে অভিজ্ঞতা পরিচালনার সময় শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি হয়। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যয়ভার বহন করবে।
- ৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৪ সালে সপ্তম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (সপ্তম শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেওয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে চিহ্নিত করা হয়েছে। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরু হয় মাস পর একটি (ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন) এবং বছর শেষে আরেকটি (বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন) মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বাৎসরিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেওয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে

সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেওয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেওয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন এবং সে অনুযায়ী চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।

- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোনো সুবিধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই ছক থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' অ্যাপ এ ইনপুট দিবেন।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করণীয়

- ✓ যদি কোনো অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোনো শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন করানোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

ঘ) আচরণিক নির্দেশক

আচরণিক নির্দেশকের একটা তালিকা পরিশিষ্ট ৫ এ দেওয়া আছে। শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ

করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। অর্থাৎ ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার ইনপুট দিতে হবে।

ঙ) শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট- ৪ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিশিিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ (△) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ (△) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত (○) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ (□) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করতে হবে।

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে জেভার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোনো কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেভার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের

সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোনো শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোনো শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমতো উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোনো শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

ছ) মূল্যায়নে অ্যাপ ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ “নৈপুণ্য” অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। শিক্ষাক্রম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতা অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট কার্ড প্রস্তুত করে দিবে এই ‘নৈপুণ্য’ অ্যাপ।

পরিশিষ্ট ১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

একক যোগ্যতা নং	একক যোগ্যতা	পারদর্শিতার নির্দেশক নং	পারদর্শিতার নির্দেশক	□	○	△
০৬.০৭.০১	প্রয়োজনীয় প্রযুক্তি ব্যবহার করে উপযুক্ত তথ্য নির্বাচন, সংগ্রহ, ব্যবহার, সংরক্ষণ করা ও তথ্যের নিরপেক্ষ মূল্যায়ন করতে পারা	০৬.০৭.০১.০১	বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্যের তুলনামূলক বিশ্লেষণ করতে পারছে	কোন তথ্য যাচাই এর জন্য এর কোন কোন দিক বিবেচনা করতে হয় তা চিহ্নিত করতে পারছে	সহজলভ্য বিভিন্ন প্রকার একাধিক উৎসের তথ্যের যথার্থতা নির্দেশনা অনুসরণ করে যাচাই করতে পারছে	নতুন একাধিক উৎসের তথ্যের যথার্থতা স্বাধীনভাবে যাচাই করতে পারছে
		০৬.০৭.০১.০২	নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সংগৃহীত তথ্য ব্যবহার করতে পারছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত তথ্য সাধারণভাবে ব্যবহার করেছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত তথ্য সমন্বিত করে ব্যবহার করেছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত ও সমন্বিত তথ্য ব্যাখ্যাসহ ব্যবহার করেছে
		০৬.০৭.০১.০৩	তথ্য সংরক্ষণের বিভিন্ন উপায় বিবেচনা করে তথ্য সংরক্ষণ করতে পারছে	সাধারণ সহজলভ্য একটি উপায়ে তথ্য সংরক্ষণ করেছে	তথ্য সংরক্ষণে সহজলভ্য একাধিক উপায় অবলম্বন করেছে	তথ্য সংরক্ষণের উদ্বুদ্ধ নতুন পদ্ধতি অবলম্বন করে তথ্য সংরক্ষণ করেছে
		০৬.০৭.০১.০৪	তথ্যের উৎস কীভাবে নিরপেক্ষতা হারাতে পারে তা বিশ্লেষণ করতে পারছে	তথ্যের মধ্যে পক্ষপাতিত্বের নির্দেশিত কারণসমূহ বাস্তব জীবনের সাথে সম্পর্কিত করতে পারছে	তথ্যের পক্ষপাতিত্বের পেছনে ব্যক্তিক স্বার্থ চিহ্নিত করতে পারছে	তথ্যের পক্ষপাতিত্বের পেছনে ব্যক্তিক স্বার্থ ছাড়াও অন্যান্য স্বার্থ চিহ্নিত করতে পারছে
০৬.০৭.০২	অর্থনৈতিক , সামাজিক, পরিবেশগত, কারিগরি ও ব্যবহারিক দিক বিবেচনা করে কোন বাস্তব সমস্যাকে বিশ্লেষণপূর্বক তার সমাধানের জন্য	০৬.০৭.০২.০১	বিভিন্ন প্রেক্ষাপট অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের সম্পর্ক চিহ্নিত করতে পারছে	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ উপস্থাপন করতে পারছে
		০৬.০৭.০২.০২	বিভিন্ন সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে সামাজিক প্রেক্ষাপটের	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে সামাজিক প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে সামাজিক প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ

<p>অ্যালগরিদম ডিজাইন ও ডায়াগ্রামের মাধ্যমে উপস্থাপন করতে পারা এবং তা প্রোগ্রামে রূপ দিতে পারা</p>			সম্পর্ক চিহ্নিত করতে পারছে		উপস্থাপন করতে পারছে
	০৬.০৭.০২.০৩	বিভিন্ন পরিবেশগত প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে পরিবেশের প্রেক্ষাপটের সম্পর্ক চিহ্নিত করতে পারছে	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে পরিবেশের প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে পরিবেশের প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ উপস্থাপন করতে পারছে
	০৬.০৭.০২.০৪	বিভিন্ন কারিগরি প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে কারিগরি প্রেক্ষাপটের সম্পর্ক চিহ্নিত করতে পারছে	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে কারিগরি প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে কারিগরি প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ উপস্থাপন করতে পারছে
	০৬.০৭.০২.০৫	বিভিন্ন ব্যবহারিক দিক বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে ব্যবহারিক প্রেক্ষাপটের সম্পর্ক চিহ্নিত করতে পারছে	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে ব্যবহারিক প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে কারিগরি প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ উপস্থাপন করতে পারছে
	০৬.০৭.০২.০৬	একটি বাস্তব সমস্যাকে সমাধানের জন্য অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	একটি দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য একটি সরল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	একটি দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য একাধিক সরল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	ভিন্ন ধরনের দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য অপেক্ষাকৃত জটিল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে
	০৬.০৭.০২.০৭	একটি বাস্তব সমস্যাকে সমাধানের জন্য তৈরি অ্যালগরিদমকে ডায়াগ্রামের মাধ্যমে উপস্থাপন করতে পারছে	একটি দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য একটি ডিজাইনকৃত সরল অ্যালগরিদমকে ডায়াগ্রামের মাধ্যমে প্রকাশ করতে পারছে	একটি দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য একাধিক ডিজাইনকৃত সরল অ্যালগরিদমকে ডায়াগ্রামের মাধ্যমে প্রকাশ করতে পারছে	ভিন্ন ধরনের দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য একাধিক ডিজাইনকৃত অপেক্ষাকৃত জটিল অ্যালগরিদমকে ডায়াগ্রামের মাধ্যমে প্রকাশ করতে পারছে

		০৬.০৭.০২.০৮	একটি অ্যালগরিদমকে প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	শিক্ষক অথবা অভিভাবকের তত্ত্বাবধানে একটি ডিজাইনকৃত অ্যালগোরিদমকে প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	শিক্ষার্থী স্বাধীনভাবে পরিচিত প্রোগ্রামিং এর ভাষা ব্যবহার করে একটি ডিজাইনকৃত অ্যালগোরিদমকে প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	শিক্ষার্থী স্বাধীনভাবে পরিচিত প্রোগ্রামিং এর ভাষা ব্যবহার করে একাধিক ডিজাইনকৃত অ্যালগোরিদমকে প্রোগ্রামে রূপান্তর করতে পারছে
০৬.০৭.০৩	বিভিন্ন ধরনের (তারযুক্ত, ওয়্যারলেস ইত্যাদি) নেটওয়ার্কে তথ্যের আদানপ্রদান ও সম্প্রচার কীভাবে করা হয় এবং তথ্যের সুরক্ষা কীভাবে বজায় রাখা হয় তা পর্যালোচনা করতে পারা	০৬.০৭.০৩.০১	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদান কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	অপেক্ষাকৃত জটিল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	জটিল কোন নেটওয়ার্কে অনুসন্ধান করে তার তথ্য আদান-প্রদানের উপায় ব্যাখ্যা সহকারে প্রদর্শন করছে
		০৬.০৭.০৩.০২	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সম্প্রচার কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	নতুন কোন নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া অনুসন্ধান করে ব্যাখ্যা সহকারে প্রদর্শন করছে
		০৬.০৭.০৩.০৩	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সুরক্ষা কীভাবে বজায় রাখা যায় তার উপায় ব্যাখ্যা করছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে সুরক্ষা কীভাবে লঙ্ঘন হতে পারে তা চিহ্নিত করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে সুরক্ষা নিশ্চিত করার উপায়সমূহ ব্যাখ্যা করতে পারছে	পরিচিত সব ধরনের নেটওয়ার্কে সুরক্ষা নিশ্চিত করার উপায়সমূহ ব্যাখ্যাকরতে পারছে
০৬.০৭.০৪	নির্দিষ্ট প্রেক্ষাপট এবং মাধ্যম বিবেচনায় নিয়ে সৃজনশীল কাজের উন্নয়ন ও উপস্থাপনে ডিজিটাল প্রযুক্তির উপযুক্ত	০৬.০৭.০৪.০১	সৃজনশীল কাজের উপস্থাপনে প্রেক্ষাপটের ভিন্নতা অনুযায়ী ভিন্ন ভিন্ন মাধ্যম বিবেচনা করতে পারছে	সৃজনশীল কাজের উপস্থাপনে পরিচিত একটি প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে	সৃজনশীল কাজের উপস্থাপনে পরিচিত একাধিক প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে	সৃজনশীল কাজের উপস্থাপনে অপরিচিত প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে
		০৬.০৭.০৪.০২	সৃজনশীল কাজের উন্নয়নে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে এক ধরনের	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে একাধিক ধরনের	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে নতুন কোন সতন্ত্র উদ্ভাবনী পদ্ধতি

	ব্যবহারে আগ্রহী হওয়া			ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে	ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে	অবলম্বন করে ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে
		০৬.০৭.০৪.০৩	সৃজনশীল কাজের উপস্থাপনে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় সহজলভ্য একটি ডিজিটাল প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় সহজলভ্য একের অধিক ডিজিটাল প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় নতুন কোন ডিজিটাল প্রযুক্তিগত সতন্ত্র উদ্ভাবন পদ্ধতি ব্যবহার করেছে
০৬.০৭.০৫	ডিজিটাল মাধ্যম ব্যবহার করে নাগরিক সেবা ও ই- কমার্স সম্পর্কিত সুযোগসুবিধা গ্রহণ করতে পারা	০৬.০৭.০৫.০১	ব্যক্তিগত প্রয়োজনে দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা নির্দেশনা অনুসরণ করে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত চাহিদার ভিত্তি অনুযায়ী প্রয়োজনীয় বিদ্যমান নাগরিক সেবা স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে
		০৬.০৭.০৫.০২	ই-কমার্সের মাধ্যমে কি কি সুযোগ সুবিধা পাওয়া যায় তা সনাক্ত করেছে	পরিচিত কয়েকটি ই - কমার্স সেবা থেকে কোন সুযোগ সুবিধাগুলো নিজ এলাকার জন্য প্রযোজ্য তা সনাক্ত করতে পারছে	পরিচিত কয়েকটি ই - কমার্স সেবা থেকে কোন সুযোগ সুবিধাগুলো একান্ত ব্যক্তিগত ক্ষেত্রে প্রযোজ্য তা সনাক্ত করতে পারছে	নতুন ই কমার্স সেবা অনুসন্ধান করে এর থেকে প্রাপ্ত সুযোগ সুবিধা যে কোন প্রয়োজন অনুযায়ী সনাক্ত করতে পারছে
		০৬.০৭.০৫.০৩	নাগরিক সেবা পাওয়ার জন্য যোগাযোগ স্থাপন করতে পারছে	কৃতিমভাবে তৈরি জরুরি পরিস্থিতিতে একটি জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে।	কৃতিমভাবে তৈরি একাধিক জরুরি পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে।	কৃতিমভাবে তৈরি একাধিক জরুরি পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য সঠিক তথ্য দিয়ে কার্যকর যোগাযোগ করতে পারছে।
		০৬.০৭.০৫.০৪	ই - কমার্স সেবা গ্রহণ করতে পারছে	নির্দেশনা অনুসরণ করে ই - কমার্স সেবা গ্রহণ করতে পারছে	স্বাধীনভাবে পরিচিত ই - কমার্স মাধ্যম থেকে সেবা গ্রহণ করতে পারছে	স্বাধীনভাবে নতুন ই - কমার্স সেবা অনুসন্ধান করে বুকিমুক্তভাবে সেবা গ্রহণ করতে পারছে

০৬.০৭.০৬	বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ও বাণিজ্যিক ব্যবহার সম্পর্কে ধারণা লাভ করা এবং এ বিষয়ক নীতি মেনে চলা	০৬.০৭.০৬.০১	বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের নিয়ম জেনে প্রয়োজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	পরিচিত কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের নিয়ম চিহ্নিত করতে পারছে	বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের সময় উপযুক্ত ব্যবহারবিধি চর্চা করছে	নিজের বুদ্ধিবৃত্তিক সম্পদকে অন্যের ব্যক্তিগত ব্যবহারের জন্য উপযোগী করতে যথাযথ ব্যবহারবিধি চর্চা করেছে
		০৬.০৭.০৬.০২	বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের নিয়ম জেনে প্রয়োজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	পরিচিত কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের নিয়ম চিহ্নিত করতে পারছে	বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের সময় উপযুক্ত ব্যবহারবিধি চর্চা করছে	নিজের বুদ্ধিবৃত্তিক সম্পদকে অন্যের বাণিজ্যিক ব্যবহারের জন্য উপযোগী করতে যথাযথ ব্যবহারবিধি মেনে চর্চা করছে
০৬.০৭.০৭	তথ্যপ্রযুক্তির মাধ্যমে নিজের ভার্চুয়াল পরিচিতি তৈরি করা ও তার নৈতিক, নিরাপদ ও পরিমিত ব্যবহারের মাধ্যমে বিভিন্ন প্রযুক্তিগত সেবা গ্রহণে পারদর্শিতা অর্জন করতে পারা	০৬.০৭.০৭.০১	নৈতিকতা বজায় রেখে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে নিজের ভার্চুয়াল পরিচিতি তৈরি করতে পারছে	ভার্চুয়াল পরিচিতি তৈরি করার ক্ষেত্রে নৈতিকতার দিকগুলো চিহ্নিত করতে পেরেছে	নৈতিকতা বজায় রেখে কারও সহায়তা নিয়ে ডিজিটাল মাধ্যমে ভার্চুয়াল পরিচিতি তৈরি করেছে	নৈতিকতা বজায় রেখে স্বাধীনভাবে নতুন ডিজিটাল মাধ্যমে ভার্চুয়াল পরিচিতি তৈরি করেছে
		০৬.০৭.০৭.০২	ভার্চুয়াল পরিচিতির নিরাপত্তা নিশ্চিত করে তা ব্যবহারের চর্চা করতে পারছে	নিজের ভার্চুয়াল পরিচিতি নিরাপদ রাখতে নিরাপত্তা কৌশল গ্রহণ করেছে	নিজের ভার্চুয়াল পরিচিতি নিরাপদ রাখতে নিয়মিত নিরাপত্তা কৌশল আপডেট করেছে	নতুন কোন নিরাপত্তার ছুমকি তৈরি হলে নিজের ভার্চুয়াল পরিচিতিকে নিরাপদ রাখতে উদ্যোগ নিয়েছে
		০৬.০৭.০৭.০৩	ভার্চুয়াল পরিচিতি পরিমিত ভাবে ব্যবহারের চর্চা করতে পারছে	শিক্ষকের তত্ত্বাবধানে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার চর্চা করছে	শিক্ষক ও পরিবারের তত্ত্বাবধানে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার চর্চা করছে	নিজ উদ্যোগে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার করেছে
		০৬.০৭.০৭.০৪	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে সহজলভ্য প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে দেশের যে কোন প্রচলিত প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে নতুন ভাবে প্রবর্তিত প্রযুক্তিগত সেবা অনুসন্ধান করে সেবা গ্রহণ করতে পারছে

০৬.০৭.০৮	সাইবার ক্রাইমের সামাজিক ও আইনগত দিক পর্যালোচনা করে নীতিগত অবস্থান নির্ধারণ করতে পারা	০৬.০৭.০৮.০১	সাইবার ক্রাইমের সামাজিক দিকগুলো চিহ্নিত করতে পারছে	সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল কি হতে পারে তা বাস্তব জীবন থেকে অনুসন্ধান করতে পারছে	নির্দেশিত/উল্লেখিত সাইবার ক্রাইমের সামাজিক ফলাফলের সাথে বাস্তব জীবনের সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল সম্পর্কিত করতে পারছে	যে কোন প্রেক্ষাপটে সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল কি হতে পারে তা যৌক্তিকভাবে ব্যাখ্যা করছে
		০৬.০৭.০৮.০২	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো চিহ্নিত করতে পারছে	সাইবার ক্রাইমের নির্দেশিত/উল্লেখিত আইনগত দিকগুলো ব্যাখ্যা করতে পারছে	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো অনুসন্ধান করে নিজের অবস্থান যৌক্তিকভাবে ব্যাখ্যা করছে
০৬.০৭.০৯	প্রাতিষ্ঠানিক যোগাযোগে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে উপযুক্ত শিষ্টাচার বজায় রাখতে পারা	০৬.০৭.০৯.০১	প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শিষ্টাচারগুলো সম্পর্কে সচেতন হয়ে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/উল্লেখিত শিষ্টাচারগুলো নিয়ন্ত্রিত পরিবেশে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/উল্লেখিত শিষ্টাচারগুলো যোগাযোগের বৈচিত্র অনুযায়ী নিয়ন্ত্রিত পরিবেশে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/উল্লেখিত শিষ্টাচারগুলো যোগাযোগের বৈচিত্র অনুযায়ী নিজ উদ্যোগে স্বাধীনভাবে চর্চা করছে
০৬.০৭.১০	তথ্যপ্রযুক্তির প্রসারের কারণে পারিপার্শ্বিক সামাজিক ও সাংস্কৃতিক কাঠামোর চলমান পরিবর্তন খোলা মন নিয়ে ও নির্মোহভাবে বিশ্লেষণ করতে পারা	০৬.০৭.১০.০১	সামাজিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সামাজিক কাঠামোর কোন কোন পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব রয়েছে তা চিহ্নিত করতে পারছে	সামাজিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব সম্পর্কে নিজেস্ব মতামত দিচ্ছে	সামাজিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাবের সম্পর্ক তথ্য প্রমাণসহ উপস্থাপন করছে
		০৬.০৭.১০.০২	সাংস্কৃতিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সাংস্কৃতিক কাঠামোর কোন কোন পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব চিহ্নিত করতে পারছে	সাংস্কৃতিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব সম্পর্কে নিজেস্ব মতামত দিচ্ছে	সাংস্কৃতিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাবের সম্পর্ক তথ্য প্রমাণসহ উপস্থাপন করছে

পরিশিষ্ট ২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

সপ্তম শ্রেণির সবগুলো শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। এছাড়া একটি বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, শিক্ষার্থী ডিজিটাল প্রযুক্তির বিষয়ের বিষয়ভিত্তিক জ্ঞান কতটুকু মুখস্ত করতে পারছে তার ভিত্তিতে কখনোই শিক্ষক শিক্ষার্থীর যোগ্যতার (পারদর্শিতার সূচকের) মান নির্ধারণ করবেন না শিক্ষার্থী নির্দিষ্ট অভিজ্ঞতায় বিষয়ভিত্তিক জ্ঞানকে কীভাবে বাস্তব জীবনের সাথে সম্পর্কিত করছে এবং সে অনুযায়ী প্রয়োগ করছে তার উপর সূচক নির্ধারণ করবেন। শিক্ষার্থীর কোন নির্দিষ্ট কাজ বা আচরণের ভিত্তিতে তিনি এই ইনপুট দেবেন তাও পাশে উল্লেখ করা আছে।

শিখন অভিজ্ঞতা ১: ডিজিটাল সময়ে তথ্য		
PI নং	পারদর্শিতার সূচক(PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০১.০১	বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্যের তুলনামূলক বিশ্লেষণ করতে পারছে	সেশন ৪ এর 'মানবীয় উৎস থেকে তথ্য নেওয়ার ক্ষেত্রে' অংশে ৫ টি পরিস্থিতি দেওয়া আছে। ঐ পরিস্থিতিগুলোতে উপযুক্ত তথ্যের উৎস কি হতে পারে তা চিহ্নিত করতে পারা
০৬.০৭.০১.০২	নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সংগৃহীত তথ্য ব্যবহার করতে পারছে	সেশন ৮ এর তৈরিকৃত কনটেন্ট
০৬.০৭.০১.০৩	তথ্য সংরক্ষণের বিভিন্ন উপায় বিবেচনা করে তথ্য সংরক্ষণ করতে পারছে	সেশন ৩ এর শটকার্ট কি এর অনুশীলন
০৬.০৭.০১.০৪	তথ্যের উৎস কীভাবে নিরপেক্ষতা হারাতে পারে তা বিশ্লেষণ করতে পারছে	সেশন - ৫ 'আজকের সেশনে তথ্য যাচাই করার সময় নতুন কি জানলাম' এই ঘরের শিক্ষার্থীর লিখা
০৬.০৭.০৪.০১	সৃজনশীল কাজের উপস্থাপনে প্রেক্ষাপটের ভিন্নতা অনুযায়ী ভিন্ন ভিন্ন মাধ্যম বিবেচনা করতে পারছে	সেশন ৬ এ 'ভিন্ন ভিন্ন লক্ষ্যদলের পছন্দের কনটেন্ট কি হতে পারে অনুমান করে লিখি' ছকে শিক্ষার্থীর কাজ
০৬.০৭.০৪.০২	সৃজনশীল কাজের উন্নয়নে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	সেশন ৮ এর তৈরিকৃত কনটেন্ট
০৬.০৭.০৪.০৩	সৃজনশীল কাজের উপস্থাপনে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	সেশন ৮ এর তৈরিকৃত কনটেন্ট
শিখন অভিজ্ঞতা ২: বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যবহার		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০৬.০১	বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের নিয়ম জেনে প্রযোজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	সেশন ১ এর চারটি কেস স্টাডি দেওয়া আছে তার মধ্য তিনটি খালি ঘরে শিক্ষার্থীর লিখা সীদ্ধান্ত

		সেশন ৪ এ বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহারের জন্য শিক্ষার্থীর তৈরি নীতিমালা
০৬.০৭.০৬.০২	বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের নিয়ম জেনে প্রযোজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	সেশন ১ এর চারটি কেস স্টাডি দেওয়া আছে তার মধ্য তিনটি খালি ঘরে শিক্ষার্থীর লিখা সীদ্ধান্ত সেশন ৪ এ বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহারের জন্য শিক্ষার্থীর তৈরি নীতিমালা
শিখন অভিজ্ঞতা ৩ : তথ্যপ্রযুক্তির মাধ্যমে ভারুয়াল পরচিতি তৈরি		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০৭.০১	নৈতিকতা বজায় রেখে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে নিজের ভারুয়াল পরচিতি তৈরি করতে পারছে	সেশন ২ এ 'আগামী সেশনের প্রস্তুতি' অংশে নিজের প্রোফাইল তৈরির জন্য তথ্য ম্যাপিং
০৬.০৭.০৭.০২	ভারুয়াল পরচিতির নিরাপত্তা নিশ্চিত করে তা ব্যবহারের চর্চা করতে পারছে	সেশন ১ এর দুইজন পেশাজীবীর পেশা বিশ্লেষণ করে জানা - অজানা ঘর পূরণ
০৬.০৭.০৭.০৩	ভারুয়াল পরচিতি পরিমিত ভাবে ব্যবহারের চর্চা করতে পারছে	শিখনকালীন মূল্যায়নে এই পারদর্শিতার সূচক (PI) ইনপুট দিতে/ যাচাই করতে হবেনা
০৬.০৭.০৭.০৪	ভারুয়াল পরচিতি ব্যবহার করে প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	শিখনকালীন মূল্যায়নে এই পারদর্শিতার সূচক (PI) ইনপুট দিতে/ যাচাই করতে হবেনা
শিখন অভিজ্ঞতা ৪ - সাইবারে গোয়েন্দাগিরি		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০৮.০১	সাইবার ক্রাইমের সামাজিক দিকগুলো চিহ্নিত করতে পারছে	সেশন ২ এর ছকে বিভিন্ন রকম সাইবার অপরাধ এর ঘটনা লিখা এবং তা পর্যালোচনা করা সেশন ৪ এর বিভিন্ন সাইবার অপরাধে করণীয় নির্ধারণ ছক (আমরা যা করবো, পরিবারের সদস্যরা যা করবেন।) সেশন ৫ এর শিক্ষার্থীদের তৈরি 'সাইবার নীতিমালা'
০৬.০৭.০৮.০২	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো চিহ্নিত করতে পারছে	সেশন ২ এর ছকে বিভিন্ন রকম সাইবার অপরাধ এর ঘটনা লিখা এবং তা পর্যালোচনা করা সেশন ৪ এর বিভিন্ন সাইবার অপরাধে করণীয় নির্ধারণ ছক (আমরা যা করবো, পরিবারের সদস্যরা যা করবেন।) সেশন ৫ এর শিক্ষার্থীদের তৈরি 'সাইবার নীতিমালা'
শিখন অভিজ্ঞতা ৫: আমি যদি হই রোবট		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০২.০১	বিভিন্ন প্রেক্ষাপট অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সেশন ২ এর বিদ্যালয়ে আসার ধাপ নির্ণয়
০৬.০৭.০২.০২	বিভিন্ন সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সেশন ১ এর ছকে সমস্যার বিভিন্ন নির্ভরশীলতার দিক খুঁজে বের করা

০৬.০৭.০২.০৩	বিভিন্ন পরিবেশগত প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সেশন ১ এর ছকে সমস্যার বিভিন্ন নির্ভরশীলতার দিক খুঁজে বের করা
০৬.০৭.০২.০৪	বিভিন্ন কারিগরি প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সেশন ১ এর ছকে সমস্যার বিভিন্ন নির্ভরশীলতার দিক খুঁজে বের করা
০৬.০৭.০২.০৫	বিভিন্ন ব্যবহারিক দিক বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সেশন ১ এর ছকে সমস্যার বিভিন্ন নির্ভরশীলতার দিক খুঁজে বের করা
০৬.০৭.০২.০৬	একটি বাস্তব সমস্যাকে সমাধানের জন্য অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	সেশন ৩ এর ঘরে অ্যালগোরিদম লিখা
০৬.০৭.০২.০৭	একটি বাস্তব সমস্যাকে সমাধানের জন্য তৈরি অ্যালগরিদমকে ডায়াগ্রামের মাধ্যমে উপস্থাপন করতে পারছে	সেশন ৫ এর নিজেদের সমস্যার অ্যালগরিদমকে প্রবাহচিত্রে রূপান্তর
০৬.০৭.০২.০৮	একটি অ্যালগরিদমকে প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	সেশন ৬ নিজেদের সমস্যার প্রবাহচিত্রকে সুডোকোডে রূপান্তর

শিখন অভিজ্ঞতা ৬ : বন্ধু নেটওয়ার্কে ভাব বিনিময়

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০৩.০১	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদান কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	সেশন ৩ মোবাইল ফোনে তথ্য আদান প্রদানের প্রবাহচিত্র ঘরে লিখা
০৬.০৭.০৩.০২	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সম্প্রচার কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	সেশন ৫ এ মানচিত্রে GPS এর মাধ্যমে নিজের বিদ্যালয়ের অবস্থান নির্ণয়
০৬.০৭.০৩.০৩	বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সুরক্ষা কীভাবে বজায় রাখা যায় তার উপায় ব্যাখ্যা করতে পারছে	সেশন ৪ এ সুডোকোডের খেলা সেশন ৬ এ বন্ধু নেটওয়ার্কে একটা বার্তা প্রেরণ ও গ্রহণ

শিখন অভিজ্ঞতা ৭ : গ্রাহক সেবায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.০৫.০১	ব্যক্তিগত প্রয়োজনে দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	সেশন ১ এর ছকে নাগরিক সেবা ও ই কমার্স এর নাম লিখা
০৬.০৭.০৫.০২	ই-কমার্সের মাধ্যমে কি কি সুযোগ সুবিধা পাওয়া যায় তা সনাক্ত করেছে	সেশন ২ এ নাগরিক সেবা ও ই কমার্সের সুবিধার ছক পূরণ সেশন ২ এ ছকে 'নাগরিক সেবার নাম ও কোন কাজের জন্য' ছক পূরণ
০৬.০৭.০৫.০৩	নাগরিক সেবা পাওয়ার জন্য যোগাযোগ স্থাপন করতে পারছে	সেশন ৩ এ 'আগামী দিনের প্রস্তুতি' অংশে 'সিটি কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ/ পৌরসভা'র জন্য নাগরিক সেবার এপস তৈরি করলে সেখানে সেবা প্রাপ্তির ধাপসমূহ খালি প্রবাহচিত্রে লিখা
০৬.০৭.০৫.০৪	ই - কমার্স সেবা গ্রহণ করতে পারছে	সেশন ৬ এ নিজের জন্ম নিবন্ধন নাম্বার যাচাই

শিখন অভিজ্ঞতা ৮ : যোগাযোগে নিয়ম মানি

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
-------	-----------------------	---------------------

০৬.০৭.০৯.০১	প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শিষ্টাচারগুলো সম্পর্কে সচেতন হয়ে চর্চা করছে	সেশন ১ এ ভূমিকাভিনয় শেষে উল্লেখিত ছকে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যোগাযোগের পার্থক্য করা সেশন ১ এ 'আগামী সেশনের প্রস্তুতি' অংশে ভূমিকাভিনয় পর্যালোচনা থেকে ভুল খুঁজে বের করা সেশন ২ এর ছকে চারটি উল্লেখিত ঘটনার প্রেক্ষিতে উপযুক্ত যোগাযোগ মাধ্যম চিহ্নিত করা সেশন ৪ এ ইমেইল লিখা সেশন ৫ এ ইমেইল পাঠানো
শিখন অভিজ্ঞতা ৯ : আঞ্চলিক বৈচিত্র্যপত্র		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৭.১০.০১	সামাজিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সেশন ১ এর 'আগামী সেশনের প্রস্তুতি' অংশে 'আমার এবং আমার অভিভাবকের জীবনযাপনের পার্থক্য ও প্রযুক্তির ভূমিকা'
০৬.০৭.১০.০২	সাংস্কৃতিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সেশন ৪ এ তথ্য খুঁজে দক্ষিণ এশিয়ার যে কোন একটি দেশের প্রোফাইল তৈরি। প্রোফাইলে ওই দেশের বিভিন্ন পরিবর্তন উল্লেখ থাকতে হবে

পরিশিষ্ট ৩

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের জন্য ফাঁকা ছক পরের পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন। ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোন সুবধাজনক সময়ে এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' এপস এ ইনপুট দিবেন।

উদাহরণ:

'ডিজিটাল সময়ে তথ্য' শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে সাতটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, ০৬.০৭.০১.০১, ০৬.০৭.০১.০২, ০৬.০৭.০১.০৩, ০৬.০৭.০১.০৪, ০৬.০৭.০৪.০১, ০৬.০৭.০৪.০২, ০৬.০৭.০৪.০৩ শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

প্রতিষ্ঠানের নাম		শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক						
অভিজ্ঞতা নং :	শ্রেণিঃ	সপ্তম	বিষয়	ডিজিটাল প্রযুক্তি	শিক্ষকের নাম ও স্বাক্ষর			
অভিজ্ঞতার শিরোনাম :	ডিজিটাল সময়ে তথ্য				মোঃ আকরাম হোসেন			
রোল নং	নাম	০৬.০৭.০১.০১	০৬.০৭.০১.০২	০৬.০৭.০১.০৩	০৬.০৭.০১.০৪	০৬.০৭.০৪.০১	০৬.০৭.০৪.০২	০৬.০৭.০৪.০৩
০১	মোহনা চৌধুরী	□●△	■○△	□●△	■○△	□●△	■○△	□●△
০২	রাসেল আহমেদ	□●△	□○▲	□○▲	□○▲	□●△	□○▲	□○▲
০৩	অমিত কুণ্ডু	□○▲	□○▲	■○△	□○▲	□○▲	□○▲	■○△
০৪	নিলুফার ইয়াসমিন	■○△	□●△	□○▲	■○△	■○△	□●△	□○▲
০৫	শিউলি সরকার	□○▲	□○▲	□●△	□●△	□○▲	□○▲	□●△
০৬	পার্থ রোজারিও	□○▲	■○△	□○▲	□○▲	□○▲	□○▲	■○△

পরিশিষ্ট ৪

শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম			
শিক্ষার্থীর আইডি:	শ্রেণি: সপ্তম	বিষয়: ডিজিটাল প্রযুক্তি	শিক্ষকের নাম :

পারদর্শিতার নির্দেশক			
০৬.০৭.০১.০১ বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্যের তুলনামূলক বিশ্লেষণ করতে পারছে	কোন তথ্য যাচাই এর জন্য এর কোন কোন দিক বিবেচনা করতে হয় তা চিহ্নিত করতে পারছে	সহজলভ্য বিভিন্ন প্রকার একাধিক উৎসের তথ্যের যথার্থতা নির্দেশনা অনুসরণ করে যাচাই করতে পারছে	নতুন একাধিক উৎসের তথ্যের যথার্থতা স্বাধীনভাবে যাচাই করতে পারছে
০৬.০৭.০১.০২ নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য সংগৃহীত তথ্য ব্যবহার করতে পারছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত তথ্য সাধারণভাবে ব্যবহার করেছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত তথ্য সমন্বিত করে ব্যবহার করেছে	লক্ষ্য অনুযায়ী উপযুক্ত ও সমন্বিত তথ্য ব্যাখ্যাসহ ব্যবহার করেছে
০৬.০৭.০১.০৩ তথ্য সংরক্ষণের বিভিন্ন উপায় বিবেচনা করে তথ্য সংরক্ষণ করতে পারছে	সাধারণ সহজলভ্য একটি উপায়ে তথ্য সংরক্ষণ করেছে	তথ্য সংরক্ষণে সহজলভ্য একাধিক উপায় অবলম্বন করেছে	তথ্য সংরক্ষণের উদ্বুদ্ধ নতুন পদ্ধতি অবলম্বন করে তথ্য সংরক্ষণ করেছে
০৬.০৭.০১.০৪ তথ্যের উৎস কীভাবে নিরপেক্ষতা হারাতে পারে তা বিশ্লেষণ করতে পারছে	তথ্যের মধ্যে পক্ষপাতিত্বের নির্দেশিত কারনসমূহ বাস্তব জীবনের সাথে সম্পর্কিত করতে পারছে	তথ্যের পক্ষপাতিত্বের পেছনে ব্যক্তিক স্বার্থ চিহ্নিত করতে পারছে	তথ্যের পক্ষপাতিত্বের পেছনে ব্যক্তিক স্বার্থ ছাড়াও অন্যান্য স্বার্থ চিহ্নিত করতে পারছে
০৬.০৭.০২.০১ বিভিন্ন প্রেক্ষাপট অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনা করে একটি বাস্তব সমস্যাকে বিশ্লেষণ করতে পারছে	সাধারণ দৈনন্দিন সমস্যার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের সম্পর্ক চিহ্নিত করতে পারছে	দৈনন্দিন সমস্যার ভিন্নতার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের ভিন্নতা নিরূপন করতে পারছে	যে কোন সমস্যার সাথে অর্থনৈতিক প্রেক্ষাপটের সম্পর্কের বিশ্লেষণ উপস্থাপন করতে পারছে

০৬.০৭.০৩.০১ বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদান কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	অপেক্ষাকৃত জটিল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	জটিল কোন নেটওয়ার্কে অনুসন্ধান করে তার তথ্য আদান-প্রদানের উপায় ব্যাখ্যা সহকারে প্রদর্শন করছে
০৬.০৭.০৩.০২ বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সম্প্রচার কীভাবে হচ্ছে তা ব্যাখ্যা করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া বর্ণনা করতে পারছে	নতুন কোন নেটওয়ার্কে তথ্য সম্প্রচার প্রক্রিয়া অনুসন্ধান করে ব্যাখ্যা সহকারে প্রদর্শন করছে
০৬.০৭.০৩.০৩ বিভিন্ন ধরনের (তারযুক্ত এবং তারবিহীন) নেটওয়ার্কে তথ্যের সুরক্ষা কীভাবে বজায় রাখা যায় তার উপায় ব্যাখ্যা করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে সুরক্ষা কীভাবে লক্ষণ হতে পারে তা চিহ্নিত করতে পারছে	পরিচিত কোন সরল নেটওয়ার্কে সুরক্ষা নিশ্চিত করার উপায়সমূহ ব্যাখ্যা করতে পারছে	পরিচিত সব ধরনের নেটওয়ার্কে সুরক্ষা নিশ্চিত করার উপায়সমূহ ব্যাখ্যাকরতে পারছে
০৬.০৭.০৪.০১ সৃজনশীল কাজের উপস্থাপনে প্রেক্ষাপটের ভিন্নতা অনুযায়ী ভিন্ন ভিন্ন মাধ্যম বিবেচনা করতে পারছে	সৃজনশীল কাজের উপস্থাপনে পরিচিত একটি প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে	সৃজনশীল কাজের উপস্থাপনে পরিচিত একাধিক প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে	সৃজনশীল কাজের উপস্থাপনে অপরিচিত প্রেক্ষাপটের সহজলভ্য ভিন্ন ভিন্ন মাধ্যম ব্যবহার করেছে
০৬.০৭.০৪.০২ সৃজনশীল কাজের উন্নয়নে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে এক ধরনের ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে একাধিক ধরনের ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে	কোন সৃজনশীল কাজকে ডিজিটাল আকারে রূপ দিতে নতুন কোন সতন্ত্র উদ্ভাবনী পদ্ধতি অবলম্বন করে ডিজিটাল কনটেন্ট তৈরি করেছে
০৬.০৭.০৪.০৩ সৃজনশীল কাজের উপস্থাপনে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় সহজলভ্য একটি ডিজিটাল প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় সহজলভ্য একের অধিক ডিজিটাল প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করেছে	সৃজনশীল কাজকে উপস্থাপনের সময় নতুন কোন ডিজিটাল প্রযুক্তিগত সতন্ত্র উদ্ভাবনী পদ্ধতি ব্যবহার করেছে
০৬.০৭.০৫.০১ ব্যক্তিগত প্রয়োজনে দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা নির্দেশনা অনুসরণ করে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী দেশে কি কি নাগরিক সেবা বিদ্যমান তা স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে	ব্যক্তিগত চাহিদার ভিন্নতা অনুযায়ী প্রয়োজনীয় বিদ্যমান নাগরিক সেবা স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে

০৬.০৭.০৫.০২ ই-কমার্সের মাধ্যমে কি কি সুযোগ সুবিধা পাওয়া যায় তা সনাক্ত করেছে	পরিচিত কয়েকটি ই - কমার্স সেবা থেকে কোন সুযোগ সুবিধাগুলো নিজ এলাকার জন্য প্রয়োজ্য তা সনাক্ত করতে পারছে	পরিচিত কয়েকটি ই - কমার্স সেবা থেকে কোন সুযোগ সুবিধাগুলো একান্ত ব্যক্তিগত ক্ষেত্রে প্রয়োজ্য তা সনাক্ত করতে পারছে	নতুন ই কমার্স সেবা অনুসন্ধান করে এর থেকে প্রাপ্ত সুযোগ সুবিধা যে কোন প্রয়োজন অনুযায়ী সনাক্ত করতে পারছে
০৬.০৭.০৫.০৩ নাগরিক সেবা পাওয়ার জন্য যোগাযোগ স্থাপন করতে পারছে	কৃতিমভাবে তৈরি জরুরি পরিস্থিতিতে একটি জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে।	কৃতিমভাবে তৈরি একাধিক জরুরি পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে।	কৃতিমভাবে তৈরি একাধিক জরুরি পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য সঠিক তথ্য দিয়ে কার্যকর যোগাযোগ করতে পারছে।
০৬.০৭.০৫.০৪ ই - কমার্স সেবা গ্রহণ করতে পারছে	নির্দেশনা অনুসরণ করে ই - কমার্স সেবা গ্রহণ করতে পারছে	স্বাধীনভাবে পরিচিত ই - কমার্স মাধ্যম থেকে সেবা গ্রহণ করতে পারছে	স্বাধীনভাবে নতুন ই - কমার্স সেবা অনুসন্ধান করে যুক্তিমূলকভাবে সেবা গ্রহণ করতে পারছে
০৬.০৭.০৬.০১ বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের নিয়ম জেনে প্রয়োজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	পরিচিত কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের নিয়ম চিহ্নিত করতে পারছে	বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যক্তিগত ব্যবহারের সময় উপযুক্ত ব্যবহারবিধি চর্চা করছে	নিজের বুদ্ধিবৃত্তিক সম্পদকে অন্যের ব্যক্তিগত ব্যবহারের জন্য উপযোগী করতে যথাযথ ব্যবহারবিধি চর্চা করেছে
০৬.০৭.০৬.০২ বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের নিয়ম জেনে প্রয়োজ্য ক্ষেত্রে তা চর্চা করছে	পরিচিত কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের নিয়ম চিহ্নিত করতে পারছে	বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের সময় উপযুক্ত ব্যবহারবিধি চর্চা করছে	নিজের বুদ্ধিবৃত্তিক সম্পদকে অন্যের বাণিজ্যিক ব্যবহারের জন্য উপযোগী করতে যথাযথ ব্যবহারবিধি মেনে চর্চা করছে
০৬.০৭.০৭.০১ নৈতিকতা বজায় রেখে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে নিজের ভার্সুয়াল পরিচিতি তৈরি করতে পারছে	ভার্সুয়াল পরিচিতি তৈরি করার ক্ষেত্রে নৈতিকতার দিকগুলো চিহ্নিত করতে পেরেছে	নৈতিকতা বজায় রেখে কারও সহায়তা নিয়ে ডিজিটাল মাধ্যমে ভার্সুয়াল পরিচিতি তৈরি করেছে	নৈতিকতা বজায় রেখে স্বাধীনভাবে নতুন ডিজিটাল মাধ্যমে ভার্সুয়াল পরিচিতি তৈরি করেছে
০৬.০৭.০৭.০২ ভার্সুয়াল পরিচিতির নিরাপত্তা নিশ্চিত করে তা ব্যবহারের চর্চা করতে পারছে	নিজের ভার্সুয়াল পরিচিতি নিরাপদ রাখতে নিরাপত্তা কৌশল গ্রহণ করেছে	নিজের ভার্সুয়াল পরিচিতি নিরাপদ রাখতে নিয়মিত নিরাপত্তা কৌশল আপডেট করেছে	নতুন কোন নিরাপত্তার হুমকি তৈরি হলে নিজের ভার্সুয়াল পরিচিতিকে নিরাপদ রাখতে উদ্যোগ নিয়েছে

০৬.০৭.০৭.০৩ ভার্চুয়াল পরিচিতি পরিমিত ভাবে ব্যবহারের চর্চা করতে পারছে	শিক্ষকের তত্ত্বাবধানে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার চর্চা করছে	শিক্ষক ও পরিবারের তত্ত্বাবধানে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার চর্চা করছে	নিজ উদ্যোগে ভার্চুয়াল পরিচিতির পরিমিত ব্যবহার করেছে
০৬.০৭.০৭.০৪ ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে সহজলভ্য প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে দেশের যে কোন প্রচলিত প্রযুক্তিগত সেবা গ্রহণ করতে পারছে	ভার্চুয়াল পরিচিত ব্যবহার করে নতুন ভাবে প্রবর্তিত প্রযুক্তিগত সেবা অনুসন্ধান করে সেবা গ্রহণ করতে পারছে
০৬.০৭.০৮.০১ সাইবার ক্রাইমের সামাজিক দিকগুলো চিহ্নিত করতে পারছে	সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল কি হতে পারে তা বাস্তব জীবন থেকে অনুসন্ধান করতে পারছে	নির্দেশিত/উল্লেখিত সাইবার ক্রাইমের সামাজিক ফলাফলের সাথে বাস্তব জীবনের সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল সম্পর্কিত করতে পারছে	যে কোন প্রেক্ষাপটে সাইবার ক্রাইমের সামাজিক ফলাফল কি হতে পারে তা যৌক্তিকভাবে ব্যাখ্যা করছে
০৬.০৭.০৮.০২ সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো চিহ্নিত করতে পারছে	সাইবার ক্রাইমের নির্দেশিত/উল্লেখিত আইনগত দিকগুলো ব্যাখ্যা করতে পারছে	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারছে	সাইবার ক্রাইমের আইনগত দিকগুলো অনুসন্ধান করে নিজের অবস্থান যৌক্তিকভাবে ব্যাখ্যা করছে
০৬.০৭.০৯.০১ প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শিষ্টাচারগুলো সম্পর্কে সচেতন হয়ে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/ উল্লেখিত শিষ্টাচারগুলো নিয়ন্ত্রিত পরিবেশে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/ উল্লেখিত শিষ্টাচারগুলো যোগাযোগের বৈচিত্র অনুযায়ী নিয়ন্ত্রিত পরিবেশে চর্চা করছে	প্রাতিষ্ঠানিক যোগাযোগে নির্ধারিত/ উল্লেখিত শিষ্টাচারগুলো যোগাযোগের বৈচিত্র অনুযায়ী নিজ উদ্যোগে স্বাধীনভাবে চর্চা করছে
০৬.০৭.১০.০১ সামাজিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সামাজিক কাঠামোর কোন কোন পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব রয়েছে তা চিহ্নিত করতে পারছে	সামাজিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব সম্পর্কে নিজেস্ব মতামত দিচ্ছে	সামাজিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাবের সম্পর্ক তথ্য প্রমাণসহ উপস্থাপন করছে
০৬.০৭.১০.০২ সাংস্কৃতিক কাঠামোর চলমান পরিবর্তনে তথ্যপ্রযুক্তির প্রসারের প্রভাব নিরপেক্ষভাবে ব্যাখ্যা করতে পারছে	সাংস্কৃতিক কাঠামোর কোন কোন পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব চিহ্নিত করতে পারছে	সাংস্কৃতিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাব সম্পর্কে নিজেস্ব মতামত দিচ্ছে	সাংস্কৃতিক কাঠামোর পরিবর্তনের উপর তথ্যপ্রযুক্তির প্রভাবের সম্পর্ক তথ্য প্রমাণসহ উপস্থাপন করছে

পরিশিষ্ট ৫

আচরণিক সূচক (Behavioral Indicator, BI)

বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে প্রতিটি শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর প্রাপ্ত মাত্রা বছরে দুইবার রেকর্ড রাখবেন

আচরণিক সূচক	শিক্ষার্থীর অর্জনের মাত্রা		
	□	○	△
দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে	দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে
নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে	দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে	নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে	নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাবে দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে
নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে	নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না	পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না	নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে
শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে
পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে	সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে
দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে
নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে	এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না	দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে	নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে

<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও সপ্তবৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে</p>
<p>দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে</p>	<p>প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে</p>
<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে</p>



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ